

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি দপ্তর

স-৪৫৪৯

আগরতলা, ১১ জানুয়ারি, ২০২৪

বিধানসভা ও সচিবালয়ে প্রয়াত প্রাক্তন মন্ত্রী কেশব মজুমদারকে শ্রদ্ধাজ্ঞাপন

ত্রিপুরা বিধানসভার প্রাক্তন সদস্য তথা রাজ্যের প্রাক্তন স্বাস্থ্যমন্ত্রী প্রয়াত কেশব মজুমদারকে বিধানসভায় ও সচিবালয়ে আজ শ্রদ্ধা জানানো হয়। সকালে বিধানসভায় তাঁর মরদেহ নিয়ে আসা হলে, সেখানে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধাজ্ঞাপন করেন মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা। এছাড়াও শ্রদ্ধাজ্ঞাপন করেন বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন, অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়, পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী, বিরোধী দলনেতা অনিমেষ দেববর্মা সহ বিধানসভার অন্যান্য সদস্য ও সদস্যগণ। পরে সাংবাদিকদের সাথে কথা বলার সময় মুখ্যমন্ত্রী বলেন, রাজ্য একজন প্রাজ্ঞ রাজনৈতিক ব্যক্তিত্বকে হারালো। তিনি দীর্ঘ কয়েকবছর ধরে বার্ষিক্যজনিত অসুস্থতায় ভুগছিলেন। বিভিন্ন দপ্তরের মন্ত্রী থাকাকালীন তিনি তাঁর দায়িত্বভার নিষ্ঠার সাথে পালন করেছেন। সচিবালয়ে প্রয়াত প্রাক্তন মন্ত্রী কেশব মজুমদারের মরদেহে মাল্যদান করে শ্রদ্ধাজ্ঞাপন করেন কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী রতন লাল নাথ, যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী টিংকু রায়, সমবায় মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া, মুখ্যসচিব জে কে সিনহা প্রমুখ।
